

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০১.১৭-২২৬


তারিখ : ২১/০৫/২০১৭ খ্রিঃ

বিষয় : 'বেগম রোকেয়া পদক-২০১৭' এর জন্য মনোনয়ন আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক 'বেগম রোকেয়া পদক-২০১৭' প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত বিজ্ঞপ্তি ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

বিজ্ঞপ্তি

“নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ এবং পল্লী উন্নয়নে সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ অনধিক পাঁচ জন বাংলাদেশী মহিলাকে 'বেগম রোকেয়া পদক ২০১৭' প্রদান করা হবে। উল্লিখিত ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী মহিলাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রের “ছক” মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব-সাইট (www.dwa.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। ওয়েব-সাইটে প্রকাশিত ‘ছক’ ব্যতিত অন্য কোন ‘ছক’-এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না। পদক প্রদানের ক্ষেত্রে উল্লেখপূর্বক আগামী ৩১ জুলাই, ২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত “ছক” অনুযায়ী ই-মেইলে (sasadm2@gmail.com) সফট কপি এবং হার্ড কপি সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।”



(কোহিনূর নাহার)

সহকারী সচিব

ফোন : ৯৫৪০২৪১

ফ্যাক্স : ৯৫৪০৮৯২

বিতরণঃ

১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
৪. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।